

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
নওগাঁ সদর, নওগাঁ

স্মারক নং: ৩৩.০২.৬৪০৬.৫০১.৩৬.০০১.২৩.১২

তারিখ: ২৬/০১/২০২৩ খ্রি.

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিষয়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভা আগামী ০১/০২/২০২৩ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকায় উপজেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মো: বায়েজিদ আলম)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
নওগাঁ সদর, নওগাঁ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
- ৩। জনাব .....।
- ৪। অফিস নথি।

২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders)  
অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি- : মো: বায়েজিদ আলম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।

সভার স্থান-: উপজেলা পরিষদ সভাকক্ষ, নওগাঁ সদর, নওগাঁ।

তারিখ : ০১/০২/২০২৩খ্রি.

সময়: সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কাজ আরম্ভ করেন। তিনি জলজ সম্পদে সমৃদ্ধ বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ সামাজিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদানের বিষয়ে আলোচনা করা। তিনি মাঠ পর্যায়ে মৎস্য অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত অংশীজনবৃন্দকে অবহিত করেন এবং মৎস্য অধিদপ্তরের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সভায় উপস্থিত অংশীজনবৃন্দ মৎস্য অধিদপ্তরের কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয়ে একমত পোষণ করেন। তিনি সভায় জানান যে, দলমত নির্বিশেষ সকলের দোরগোড়ায় মৎস্য অধিদপ্তরের সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি প্রনয়ন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী মৎস্য অধিদপ্তরের সেবার প্রদানের ধরন, সেবার মূল্য, সেবা প্রাপ্তির সময়সীমা এবং সেবা গ্রহণে প্রয়োজনীয় কাগজপত্রের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনাতে সেবা প্রদান প্রতিশ্রুতির সুপারিশমালা প্রণীত হয়-

- ১। দপ্তরের জবাবদিহিতা লক্ষ্যে দপ্তরের বাজেট অনুযায়ী কার্যক্রমের বিবরণ প্রদর্শিত করা।
- ২। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত হালনাগাদ তথ্য অনলাইনে আপডেট করা।
- ৩। দপ্তরে স্বচ্ছতার নিমিত্ত ক্রয় পরিকল্পনা করা ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে দপ্তরের কার্যাবলি নিয়ে মত বিনিময়।
- ৪। সেবা প্রদানের ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত মৎস্যচাষীদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার কাজে সমাপ্তি ঘোষণা করেন।



(মো: বায়েজিদ আলম)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
নওগাঁ সদর, নওগাঁ।